

“সিডনির ক্ষমতা দিয়ে ঢাকা জয় করা যাবে না”

গত সোমবার (৫/৯/২০০৫) বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা, জনাব বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর এর সম্মানে সংগঠনের সভাপতি জনাব নুরুল আজাদের রেস্তোরা, তন্দুরী প্যালেসে একটি নৈশ ভোজের আয়োজন করে।

বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর সম্প্রতি বঙ্গবন্ধু পরিষদ (রাজ্যক) এর আমন্ত্রণে জাতীয় শোক দিবস অনুষ্ঠানে যোগদিতে সিডনি আসেন। ভোজ সভায় বঙ্গবন্ধু পরিষদ ও আওয়ামী লীগের অনেক নেতা কর্মী এবং স্থানীয় পত্র-পত্রিকার প্রতিনিধীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে নেতা কর্মীরা তাদের বক্তব্যে অস্ট্রেলিয়া শাখা আওয়ামী লীগের ভেতরে ভাঙ্গন সৃষ্টিতে তৎপর কিছু ব্যক্তির তীব্র সমালোচনা করেন।

জনাব বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর তার বক্তব্যে দেশের বাইরে রাজনীতি করার প্রতি তার অনিহা প্রকাশ করে বলেন, যারা রাজনীতিতে আগ্রহী তাদের দেশে ফিরে যাওয়া উচিত কেননা সিডনির ক্ষমতা দিয়ে ঢাকা জয় করা যাবে না। এ প্রসঙ্গে তিনি মহাত্মা গান্ধীর উদাহরণ দিয়ে বলেন, তিনি দক্ষিণ আফ্রিকায় বড় নেতা ছিলেন। কিন্তু তিনি বুঝেছিলেন দক্ষিণ আফ্রিকা তার নিজের দেশ নয় তাই সেখানে রাজনীতি করে দেশ সেবা করা সম্ভব নয়। তিনি ভারতে ফিরে তার নিজের মানুষের পাশে দাঁড়িয়েছিলেন।